



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ০৬/০৪ /চাঁদপুর-৫৯

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৭
০২ মার্চ ২০২১

বিষয়: বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ প্রসঙ্গে

সূত্র: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং-বামাশিবো/প্রশা/চাঁদ-৫৯/৪৫/৪; তারিখ: ২৩/০৭/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির বিরুদ্ধে সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব আলহাজ্ব এ.বি.এস.এম আবদুল্লাহ মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৪২১২/২০১৯ দায়ের করেন। উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট গত ২২.০৮.২০১৯ খ্রি. তারিখের দরখাস্ত নিষ্পত্তির করার জন্য বোর্ডকে নির্দেশ প্রদান করেন। এরই প্রেক্ষিতে অত্র বোর্ড কর্তৃক গত ২২.০৮.২০১৯ খ্রি. তারিখের দরখাস্ত বিষয়ক লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র প্রেরণের জন্য মাদ্রাসার সভাপতি ও সুপারকে সূত্রোক্ত স্মারকে পত্র প্রেরণ করা হয়। মাদ্রাসার সভাপতি ও সুপার যে জবাব দাখিল করেছেন তা জটিল ও দ্ব্যকিক প্রকৃতির বিধায় উভয় পক্ষের উপস্থিতিতে শুনানী প্রয়োজন।

বর্ণিত অবস্থায় বরখাস্তকৃত সুপার জনাব এ.বি.এস.এম আবদুল্লাহ এর গত ২২.০৮.২০১৯ খ্রি. তারিখের দরখাস্ত নিষ্পত্তির লক্ষ্যে বরখাস্তকৃত সুপার, ভারপ্রাপ্ত সুপার ও ম্যানেজিং কমিটির সভাপতিসহ সংশ্লিষ্ট সকলকে আগামী ১৬.০৩.২০২১ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ৯.৩০ মিনিটে বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণপূর্বক স্ব স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


০২.০৩.২০২১


মো: সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১. সভাপতি, ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসা, কচুয়া, চাঁদপুর;
২. ভারপ্রাপ্ত সুপার, ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসা, কচুয়া, চাঁদপুর;
৩. জনাব এ.বি.এস.এম আবদুল্লাহ (সাময়িক বরখাস্তকৃত সুপার),
ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসা, কচুয়া, চাঁদপুর;


০২/০৩/২০২১

নং-বামাশিবো/প্রশাসন/ ০৬/০৪ /চাঁদপুর-৫৯

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৭
০২ মার্চ ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চাঁদপুর;
২. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কচুয়া, চাঁদপুর;
৪. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. অফিস কপি।



০২/০৩/২০২১

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd


০২/০৩/২০২১